**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৮০/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার, ১৪ মার্চ ২০১৮, ৩০ ফাল্গুন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিমান দুর্ঘটনার প্রেক্ষিতে সিঙ্গাপুরে সফর সংক্ষিপ্ত করে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী

২। বিমান দুর্ঘটনা-পরবর্তী পরিস্থিতি পর্যবেক্ষণে নেপাল পৌঁছেছেন বিমানমন্ত্রী

৩। নেপালে বিমান বিধ্বস্তের ঘটনায় বিশ্বনেতাদের শোক

৪। বাংলাদেশের উন্নয়নে অংশীদার হতে সিঙ্গাপুরের ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

৫। বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে চারটি চুক্তি স্বাক্ষর

৬। সিঙ্গাপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে অর্কিডের উন্মোচন

৭। আইনমন্ত্রীর সাথে জাতিসংঘ মহাসচিবের গণহত্যা প্রতিরোধবিষয়ক উপদেষ্টার সাক্ষাৎ

৮। মৎস্য ও গবাদিপশু উৎপাদনে বাংলাদেশের অভিজ্ঞতা কাজে লাগাতে চায় থাইল্যান্ড

৯। সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদ নারীর শত্রু : নারী সাংবাদিকদের অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

১০। আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষায় প্রশ্নপত্র কেন্দ্রে নিতে সঙ্গে থাকবেন ম্যাজিস্ট্রেট

১১। ডিউটিরত পুলিশ সদস্যগণ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না : আইজিপি

১২। পরিচ্ছন্ন ঢাকা গড়তে শিক্ষার্থীদের সচেতন করতে হবে : ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র

চলমান পাতা=২

**১। বিমান দুর্ঘটনার প্রেক্ষিতে সিঙ্গাপুরে সফর সংক্ষিপ্ত করে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিঙ্গাপুরে সরকারি সফর একদিনের জন্য সংক্ষিপ্ত করে গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) দেশে ফিরেছেন। গত ১২ মার্চ সোমবার নেপালে ইউএস-বাংলা এয়ারলাইনসের বিমান বিধ্বস্ত হওয়ার মর্মান্তিক দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে সফর সংক্ষিপ্ত করে তিনি দেশে ফিরেছেন। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি নিয়মিত ফ্লাইট সন্ধ্যা ৬টা ১৫ মিনিটে ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**২। বিমান দুর্ঘটনা-পরবর্তী পরিস্থিতি পর্যবেক্ষণে নেপাল পৌঁছেছেন বিমানমন্ত্রী**

নেপালে বিমান দুর্ঘটনা-পরবর্তী পরিস্থিতি দেখতে কাঠমান্ডু পৌঁছেছেন বিমানমন্ত্রী এ কে এম শাহজাহান কামালসহ সিভিল এভিয়েশনের ঊর্ধ্বতন কর্মকর্তারা। বিমানমন্ত্রী গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) কাঠমান্ডু মেডিকেল কলেজে গিয়ে আহতদের খোঁজখবর নেন। এরপর সন্ধ্যায় নেপালের সিভিল এভিয়েশনের সঙ্গে বৈঠক করেন তিনি। বৈঠকশেষে মন্ত্রী জানান, আজ (১৪ মার্চ বুধবার) নেপালের সেনাপ্রধানের সঙ্গে তিনি বৈঠক করবেন। দুপুর ১২টায় দেশটির প্রধানমন্ত্রী খাড়গা প্রসাদ শর্মা অলির সঙ্গেও তাঁর বৈঠকের কথা রয়েছে। এরপর দুর্ঘটনাস্থল পরিদর্শনে যাবেন বলেও জানান তিনি। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮)।

**৩। নেপালে বিমান বিধ্বস্তের ঘটনায় বিশ্বনেতাদের শোক**

গত ১২ মার্চ সোমবার নেপালে ভয়াবহ বিমান বিধ্বস্তের ঘটনায় শোকবার্তা পাঠিয়েছেন বিশ্বনেতারা এবং বাংলাদেশে অবস্থিত বিভিন্ন দেশের দূতাবাসগুলো। এর মধ্যে রয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কংগ্রেস নেতা রাহুল গান্ধী, সিঙ্গাপুরের প্রেসিডেন্ট হালিমা ইয়াকুব, দেশটির প্রধানমন্ত্রী লি সেইন লুং এবং কুয়েতের আমির শেখ সাবাহ আল-আহমদ আল-জাবের আল-সাবাহ। এছাড়া যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের পক্ষ থেকেও শোক জানানো হয়েছে। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন গত সোমবার রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে পাঠানো পৃথক শোকবার্তায় বিমান দুর্ঘটনায় নিহত ব্যক্তিদের শোকাহত পরিবার ও স্বজনদের প্রতি গভীর সমবেদনা এবং আহত ব্যক্তিদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৪। বাংলাদেশের উন্নয়নে অংশীদার হতে সিঙ্গাপুরের ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় শরিক হতে সিঙ্গাপুরের ব্যবসায়ীদের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নিজস্ব শিল্প পার্ক গড়ে তোলার জন্য সরকার তাদের ৫শ' একর বা তারও বেশি জমি বরাদ্দে প্রস্তুত রয়েছে। সারাদেশে বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলার উদ্যোগের কথা উল্লেখ করে তিনি বলেন, সরকার ব্যবসায়ীদের জন্য অনেক সুযোগ-সুবিধা প্রদান করছে। এ সুবিধা গ্রহণ করে সেখানে শিল্প স্থাপনের জন্য সিঙ্গাপুরের ব্যবসায়ীরা এগিয়ে আসতে পারে। গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) সিঙ্গাপুরের হোটেল সাংগ্রিলাতে বাংলাদেশ-সিঙ্গাপুর ব্যবসায়ী ফোরামের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

**৫। বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে চারটি চুক্তি স্বাক্ষর**

আগামী দিনে বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে অর্থনৈতিক অংশীদারিত্ব আরও জোরদারের লক্ষ্যে দুই দেশের শীর্ষ ব্যবসায়ী সংগঠন ও সরকারি প্রতিষ্ঠানের মধ্যে চারটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ-সিঙ্গাপুর ব্যবসায়ী ফোরাম ২০১৮-এর উদ্বোধনের পর এ চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশে সিঙ্গাপুরের বিনিয়োগ সহযোগিতায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এবং দ্য ইন্টারন্যাশনাল এন্টারপ্রাইজ অব সিঙ্গাপুরের মধ্যে প্রথম চুক্তিটি সম্পাদিত হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ.,ক.৪), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৬। সিঙ্গাপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে অর্কিডের উন্মোচন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) ইউনেসকো বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃত সিঙ্গাপুর বোটানিক গার্ডেনের ন্যাশনাল অর্কিড গার্ডেনে তাঁর নামে একটি অর্কিড উন্মোচন করেছেন। সিঙ্গাপুরে বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রথম সফরটি স্মরণীয় করে রাখতে অর্কিডটির নাম 'ডেনড্রোবিয়াম শেখ হাসিনা' রাখা হয়েছে। সিঙ্গাপুরের জাতীয় ফুল অর্কিডের

যে প্রজাতির নাম প্রধানমন্ত্রীর নামে নামকরণ করা হয়েছে, বোটানিক বাগানের কর্মকর্তারা 'সানপ্লাজা পার্ক' ও 'সেলেটার চকলেট' প্রজাতির সংকরায়ণের মাধ্যমে সেটি উদ্ভাবন করেছেন। সিঙ্গাপুর জাতীয় উদ্ভিদ উদ্যানের পরিচালক নাইজেল টেইলর সি হর্ট গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) এক অনুষ্ঠানের মাধ্যমে অর্কিডটি প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪)।

**৭।　আইনমন্ত্রীর সাথে জাতিসংঘ মহাসচিবের গণহত্যা প্রতিরোধবিষয়ক উপদেষ্টার সাক্ষাৎ**

জাতিসংঘ রোহিঙ্গা সংকট সমাধানে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ করার জন্য যা কিছু করার করবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) নিজ কার্যালয়ে জাতিসংঘ মহাসচিবের গণহত্যা প্রতিরোধবিষয়ক উপদেষ্টা অ্যাডাম ডায়িং তাঁর সঙ্গে সাক্ষাতের পর এ কথা বলেন তিনি। আইনমন্ত্রী বলেন, আমাদের এক ঘন্টাব্যাপী রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনা হয়েছে। অ্যাডাম বলেছেন, পৃথিবী এখন এ সমস্যার ব্যাপারে চোখ বন্ধ করে রাখতে পারবে না। জাতিসংঘ চেষ্টা করবে সবাই মিলে যেন এ রোহিঙ্গা বিষয় নিয়ে চাপ সৃষ্টি করে সমস্যার সমাধান করা যায়। চাপ সৃষ্টি করার জন্য যা কিছু করার তা জাতিসংঘ করবে বলে অ্যাডাম জানিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৮।　মৎস্য ও গবাদিপশু উৎপাদনে বাংলাদেশের অভিজ্ঞতা কাজে লাগাতে চায় থাইল্যান্ড**

বাংলাদেশের প্রাণিজক্ষেত্রে অগ্রগতির অভিজ্ঞতা কাজে লাগাতে চায় থাইল্যান্ড সরকার। আর সে লক্ষ্যে তারা কৃষিসহ বাংলাদেশের মৎস্য ও প্রাণিসম্পদবিষয়ক বিভিন্ন খামার পরিদর্শনের আগ্রহ প্রকাশ করেছে। আগামী ২ থেকে ৭ এপ্রিল পর্যন্ত বাংলাদেশের বিভিন্ন খামার পরিদর্শনের ইচ্ছার কথা জানান সে দেশের সরকারের পক্ষে থাইল্যান্ডের রাষ্ট্রদূত পিসিমন সুওয়ানপংস। গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দের সাথে বৈঠক করে সে দেশের সরকারের পক্ষ থেকে একটি লিখিত প্রস্তাব দেওয়া হয়। বৈঠকে থাইল্যান্ডের রাষ্ট্রদূত পিসিমন সুওয়ানপংস মন্ত্রীর কাছে প্রস্তাবপত্রটি পেশ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৭)।

**৯।　সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদ নারীর শত্রু : নারী সাংবাদিকদের অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

সাম্প্রদায়িকতা, জঙ্গিবাদ, নারীর শত্রু। বাংলাদেশের প্রেক্ষিতে একাত্তরের মহাযুদ্ধে যুদ্ধাপরাধী, রাজাকার, নারী লাঞ্ছনাকারী ও তাদের সঙ্গীরা নারীর শত্রু। তাই নারী সমাজকে সেই সব শত্রুদের বর্জনের আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) নারী সাংবাদিক কেন্দ্রের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স লাউঞ্জে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**১০।　আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষায় প্রশ্নপত্র কেন্দ্রে নিতে সঙ্গে থাকবেন ম্যাজিস্ট্রেট**

আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষায় প্রশ্নপত্র ট্রেজারি থেকে কেন্দ্রে নিয়ে পরীক্ষা শুরু হওয়া পর্যন্ত একজন ম্যাজিস্ট্রেট বা সমমর্যাদার কর্মকর্তা সঙ্গে থাকবেন। গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিবের অফিস কক্ষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলমের সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মোহাম্মদ সোহরাব হোসাইনের বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১)।

**১১।　ডিউটিরত পুলিশ সদস্যগণ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না : আইজিপি**

পেশাগত দায়িত্ব পালনের সময় (ডিউটিরত) পুলিশ সদস্যরা মোবাইল ফোনে কথা বলা অথবা অন্য কোনো কাজে ব্যস্ত থাকলে ব্যবস্থা নেওয়া হবে। সম্প্রতি পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারীর দেওয়া এক নির্দেশনায় এ হুঁশিয়ারি দেওয়া হয়েছে। ডিউটিরত অবস্থায় ডিউটি রেখে মোবাইল ফোনে ব্যস্ত থাকা পুলিশ সদস্যদের বিরুদ্ধে দায়িত্ব পালনে গাফিলতির অভিযোগ বলে গণ্য হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩)।

**১২।　পরিচ্ছন্ন ঢাকা গড়তে শিক্ষার্থীদের সচেতন করতে হবে : ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র**

স্বচ্ছ ঢাকা গড়তে শিক্ষার্থীদের পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতন করে তুলতে শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। গতকাল (১৩ মার্চ মঙ্গলবার) রাজধানীর বেইলি রোড অফিসার্স ক্লাবে স্বচ্ছ ঢাকা অভিযান সম্পর্কে নগরবাসীকে সচেতন করে তুলতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বাংলাদেশ যুব গেমস ২০১৮ এর উদ্বোধনকে স্বাগত জানিয়ে এ গেমসের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের সুপ্ত প্রতিভার বিকাশ ও কিছু মানসম্পন্ন খেলোয়াড় তৈরি হয়ে বিশ্ব অলিম্পিকসহ বিভিন্ন আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় নজরকাড়া সাফল্য অর্জন করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল, যায়যায়দিন, ডেইলি স্টার, নিউ এজ :** রাজধানীর মিরপুর ১২ নম্বর সেকশনে ইলিয়াস মোল্লা বস্তিতে অগ্নিকাণ্ডে সর্বস্ব পুড়ে যাওয়া বস্তিবাসীদের পুনর্বাসনের ব্যবস্থা করাসহ এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো, যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, যায়যায়দিন, সংবাদ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ নেশন :** নেপালের কাঠমান্ডুতে ইউএস বাংলার বিমান বিধ্বস্ত হওয়ায় ৩৬ জন বাংলাদেশিসহ ৫১ জন নিহত হওয়ায় শোক প্রকাশ করে দুর্ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধানে তদন্ত দাবি।

ঘ. **সংবাদ :** গাজীপুরের কাপাসিয়ায় শহীদ গিয়াস উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর তিন ছাত্রীকে পিটিয়ে গুরুতর জখম করার ঘটনায় দায়ী শিক্ষককে বিচারের সম্মুখীন করার পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানে শারীরিক শাস্তি নিষিদ্ধ করে যে পরিপত্র জারি করা হয়েছিল তা যেন সঠিকভাবে প্রতিপালিত হয় সেদিকে নজরদারির সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বিপথগামী তরুণরা মাদকাসক্তি, খুন, শিশু অপহরণ, চুরি, বোমাবাজি, রাহাজানিসহ নানাবিধ অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত হওয়ার পরিপ্রেক্ষিতে পিতামাতাকে সন্তানদের এসব মন্দ সঙ্গ থেকে বিরত রাখতে সন্তানদের লালন পালনে আরও আন্তরিক হওয়ার আহ্বান।

চ. **নিউজ টুডে :** দেশের অটিস্টিক শিশুদের যথাযথ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অটিস্টিক শিশুদের ভর্তি করা ও অটিজম বিষয়ে শিক্ষকদের যথাযথ প্রশিক্ষণ প্রদানসহ এ সংক্রান্ত ইনস্টিটিউটগুলোকে কার্যকরভাবে পরিচালনা করার আহ্বান।

ছ. **নিউ নেশন :** দীর্ঘদিন এক প্রতিষ্ঠানে কর্মরত ৫২২ জন সরকারি স্কুল শিক্ষকের বদলির ব্যাপারে দুর্নীতি দমন কমিশনের সুপারিশ বাস্তবায়নের প্রত্যাশা।

জ. **নিউ এজ :** মানুষের জন্য ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত প্রতি বছর দেশে অন্তত ১,৩৮৫ শিশুর অস্বাভাবিক মৃত্যুর রিপোর্ট তুলে ধরে শিশুদের নিরাপদ শৈশব গড়ে তুলতে অনুকূল আর্থসামাজিক পরিবেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের প্রতিটি নাগরিককে আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে আইন মানতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'পল্লি অর্থনীতির জন্য প্রয়োজন টেকসই বিনিয়োগ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বিনিয়োগ অর্থনীতির প্রাণকেন্দ্র এবং এই ধারাকে যদি প্রাতিষ্ঠানিকভাবে ধরে রাখা যায় তাহলে গ্রামীণ অর্থনীতি থেকে অভ্যন্তরীণ উৎপাদনে মূল্য সংযোজন বৃদ্ধি পাবে এবং টেকসই উন্নয়ন সম্ভব হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা